দৈনিক জনতা

তারিখ ...07 AUG 1991
পৃষ্ঠা... ৯ ...কলাম... ৫...

(২০৯)

48

## ১৬ আগস্টের মধ্যে ঢাকা ভার্সিটি খুলতে হবে

# কর্তৃপক্ষ ব্যর্থ হলে ১৭ তারিখে ছাত্ররা হল খুলে দেবে

স্টাফ রিপোর্টারঃ ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার আন্দোলন জোরদার করার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা সংগ্রাম কমিটি গঠিত হয়েছে। কমিটি আগামী ১৬ আগস্টের মধ্যে বিশ্ববিদ্যালয় খোলার দাবি জানিয়েছে। এর মধ্যে বিশ্ববিদ্যালয় না খুললে ১৭ আগস্ট ছাত্ররা নিজেদের উদ্যোগে আবাসিক হল খুলে দেয়ার অঙ্গীকার ব্যক্ত করেছেন।

সংগ্রাম কমিটি তাদের দাবির সমর্থনে আন্দোলনের কর্মসূচিও ঘোষণা করেছে। ঘোষিত কর্মসূচি অনুযায়ী তারা আগামীকাল সকাল ১০টায় ক্যাম্পাস

২-এর পৃঃ ১-এর কঃ দেখুন

## ছাত্ররা হল খুলে দেবে

প্রথম পৃষ্ঠার পর

থেকে মৌন মিছিল বের করে প্রেস ক্লাবে সমবেত হবেন। ১২ আগস্ট তারা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করবেন। ১৪ আগস্ট সকাল ১০টায় ভিসির অফিসের সামনে অবস্থান ধর্মঘট এবং তাঁর কাছে স্মারকলিপি পেশ করবেন। কমিটির সদস্যগণ জানান, বিশ্ববিদ্যালয় খোলার প্রতীক হিসেবে তারা আগামী ১৭ আগস্ট মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলে প্রবেশ করবেন।

গতকাল মঙ্গলবার বিকেলে টিএসসিতে অনুষ্ঠিত সংগ্রাম কমিটির এক সভায় বলা হয়েছেঃ ক্যাম্পাস সন্ত্রাসমুক্ত করতে গিয়ে ছাত্রমুক্ত করা হয়েছে। সন্ত্রাসকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে ব্যর্থ হয়ে কর্তৃপক্ষ ছাত্র-ছাত্রীদের ভাগ্য নিয়ে খেলছেন। সন্ত্রাস দমনের দায়-দায়িত্ব সরকার ও নিরাপত্তারক্ষাকারী বাহিনীর। বিশ্ববিদ্যালয়-এর কোনো বাহিনী নেই এবং কর্তৃপক্ষ সন্ত্রাস দমনের দায়িত্ব পালন করতে পারেন না। কর্তৃপক্ষ ক্যাম্পাস থেকে ছাত্র-ছাত্রীদের তাড়িয়ে দিয়ে তাদের ভাগ্য অনিশ্চয়তার দিকে ঠেলে দিচ্ছেন। ভিসি ইতিপূর্বে তাদের যে আশ্বাস দিয়েছেন তা অবিলম্বে বাস্তবায়ন করে ছাত্র-ছাত্রীদের শিক্ষাজীবন রক্ষার দাবি জানিয়েছেন।

শিক্ষা সংগ্রাম কমিটির সদস্যগণ হলেনঃ সেলিম রেজা নিউটন, খাইরুল ইসলাম চৌধুরী, রুপম, আহমদ শাহীন জুয়েল, জেবানুল ইসলাম বাবু, মাহবুবুল আলম লিটন, শাহ আলম, তৌহিদ, লুবনা; আহাদ, কাঞ্চন ও উপল বখত।

উল্লেখ্য, এই সংগ্রাম কমিটির ১০ জনসহ মোট ১২৪ জন ছাত্র সিণ্ডিকেটের সিদ্ধান্ত উপেক্ষা করে আবাসিক হলগুলোতে অবস্থান করছিলেন। 'শিগগিরই বিশ্ববিদ্যালয় খুলে দেয়া হবে' ভিসির এই আশ্বাসের প্রেক্ষিতে তারা ক্যাম্পাস ত্যাগ করেছেন। গত ৩০ জুলাই ছাত্রদল এবং ছাত্র লীগের (শা-অ) মধ্যে ভয়াবহ বন্দুক যুদ্ধের প্রেক্ষিতে কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্যে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করেছেন এবং ছাত্র-ছাত্রীদের আবাসিক হল ত্যাগের নির্দেশ দিয়েছেন।